

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন শাখা-১  
www.lgd.gov.bd

বিষয়ঃ মন্ত্রিপরিষদ বৈঠকের ০৮ জুন তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নগর এলাকার রাস্তার পার্শ্বে আবাসিক প্লটে ও ভবনে রেস্টুরেন্ট ও বারসহ নানাবিধ বাণিজ্যিক কার্যক্রম পরিচালনাজনিত সমস্যা নিরসনের লক্ষ্যে করণীয় নির্ধারণে অনুষ্ঠিত আস্তঃ মন্ত্রণালয় কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভার সভাপতি আবদুল মালেক  
সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
সভার স্থান স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ  
সভার সময় ২৭ আগস্ট ২০১৫ খ্রিঃ  
দুপুর ১:৩০ টা

সভাপতি সভায় উপস্থিত রাজউকের এর চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এর সদস্যসহ মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী নগর এলাকার রাস্তার পার্শ্বে আবাসিক প্লটে ও ভবনে রেস্টুরেন্ট ও বারসহ নানাবিধ বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার প্লট ও ভবনভিত্তিক প্রাথমিক তালিকা প্রেরণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য এ তালিকা প্রতিপাদন করতে হবে। এ জন্য দুইটি কমিটি গঠন করা যেতে পারে।

সভায় বিস্তারিত আলোচনার পরে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রাজউক এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, জাতীয় রাজস্ব বোর্ড এবং সিটি কর্পোরেশন কর্তৃক প্রণীত তালিকা নিম্নবর্ণিত কমিটি সরেজমিনে যাচাই করবেঃ

ক্রমিক	কর্মকর্তার নাম	দায়িত্ব
১	প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	আহ্বায়ক
২	জনাব মোঃ মিজানুর রহমান, উপ-কর কমিশনার, সার্কেল ২৩৪, জাতীয় রাজস্ব বোর্ড	সদস্য
৩	জনাব আমিনুর রহমান, নির্বাহী প্রকৌশলী, রাজউক	সদস্য
৪	উপ প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	সদস্য
৫	উপ প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সদস্য

১) কমিটি আগামী ২১ দিনের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রাজউক এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, জাতীয় রাজস্ব বোর্ড এবং সিটি কর্পোরেশন কর্তৃক প্রণীত প্রতিটি প্লট সরেজমিনে পরিদর্শন করে তালিকা যাচাই করবে।

২) নগর এলাকার রাস্তার পার্শ্বে আবাসিক প্লটে ও ভবনে রেস্টুরেন্ট ও বারসহ নানাবিধ বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অসুবিধাসমূহ চিহ্নিত করে পরবর্তী করণীয় সম্পর্কে মতামত দাখিল করবে।

(খ) পূর্ববর্তী কমিটি কর্তৃক প্রণীত সরেজমিন পরিদর্শন প্রতিবেদন নিম্নবর্ণিত কমিটি যাচাই করবে।

ক্রমিক	কর্মকর্তার নাম	দায়িত্ব
১	অশোক মাধব রায় অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)	আহ্বায়ক
২	জনাব মোঃ আসমাউল হোসেন, সদস্য, রাজউক	সদস্য
৩	উপসচিব, প্রশাসন-৪ স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৪	জনাব মোঃ সিরাজুল করিম, প্রথম সচিব, জাতীয় রাজস্ব বোর্ড	সদস্য
৫	প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সদস্য
৬	প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	সদস্য

কার্যপরিধিঃ

- ১) কমিটি আগামী ২৮ দিনের মধ্যে পূর্ববর্তী কমিটি কর্তৃক প্রণীত সরেজমিন পরিদর্শন প্রতিবেদন প্রণীত তালিকা যাচাই করবে।
  - ২) নগর এলাকার রাস্তার পার্শ্বে আবাসিক প্লটে ও ডবনে রেস্টুরেন্ট ও বারসহ নানাবিধ বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অসুবিধাসমূহ চিহ্নিত করে সুপারিশ দাখিল করবে।
- সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত  
৩১/৮/২০১৫  
(আবদুল মালেক)  
সচিব  
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০১৭.১৩(অংশ-২).৮৩২

তারিখঃ ১৭ ভাদ্র ১৪২২  
০১ সেপ্টেম্বর ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ০৩। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, .....সিটি কর্পোরেশন (সকল)।
- ০৫। উপসচিব (পৌরস/ পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ০৮। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মোঃ খলিলুর রহমান)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৩৬২৫